**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26–04–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) অষ্টাদশ লোকসভা নির্বাচনে আজ দ্বিতীয় পর্যায়ের ভোট গ্রহণ করা হয় ।**

**(২) পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনে আজ শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ হয়েছে । ভোট কর্মীরা ইতিমধ্যেই ফিরে আসতে শুরু করেছেন ।**

**(৩) লোকসভা নির্বাচনের পঞ্চম পর্বের নির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে ।**

**(৪) টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে ।**

*************************************

**2nd phase :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনে আজ দ্বিতীয় পর্যায়ের ভোট গ্রহণ করা হয়। ১২টি রাজ্য এবং জম্মু ও কাশ্মীরের কেন্দ্রশাসিত অঞ্চল সহ ৮৮টি সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের এই ভোট গ্রহণ করা হয়। এর মধ্যে রয়েছে কেরালায় ২০টি, কর্ণাটকের ১৪টি, রাজস্থানের

১৩টি, উত্তরপ্রদেশ ও মহারাষ্ট্রের ৮ টি, মধ্যপ্রদেশে ৬টি, আসাম ও বিহারের ৫টি, পশ্চিমবঙ্গ ও ছত্তিশগড়ে ৩টি আসন এবং মণিপুর, ত্রিপুরা ও জম্মু ও কাশ্মীরে একটি করে আসনে। BSP প্রার্থীর মৃত্যুর কারণে মধ্যপ্রদেশের বেতুল উপজাতি সংরক্ষিত আসনের জন্য আজকের নির্ধারিত ভোটগ্রহণ বাতিল করে, তা তৃতীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে।

আজ সকাল ৭টায় ভোটগ্রহণ শুরু হয়। ভোট শেষ হবার নির্ধারিত সময় সন্ধ্যা ৬টার পরও কিছু কিছু ভোট কেন্দ্রে ভোট নেওয়া হয়। দেশের বিভিন্ন স্থান থেকে আমাদের সংবাদদাতারা জানাচ্ছেন, বিভিন্ন ভোটকেন্দ্রে ভোটাররা আজ উৎসবের মেজাজে ভোট দিয়েছেন। যুবা ও মহিলা ভোটারদের মধ্যে বিশেষ উৎসাহ লক্ষ্য করা গেছে।

আজ ইভিএম-এ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যক্তির ভাগ্য বন্দী হয়েছে। তাদের মধ্যে রয়েছেন, কেন্দ্রীয় মন্ত্রী রাজীব চন্দ্রশেখর, তেজস্বী সূর্য, হেমা মালিনী, অরুণ গোভিল এবং বিজেপির ওম বিড়লা। এছাড়াও রয়েছেন রাহুল গান্ধী, শশী থারুর, কংগ্রেসের ডি কে সুরেশ এবং জেডিএসের কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী এইচডি কুমারস্বামী। এই পর্বে আউটার মণিপুর লোকসভা কেন্দ্রের চারজন প্রার্থী সহ মোট ১,২০২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন।

১ লক্ষ ৬৭ হাজার ভোট কেন্দ্রে ১৬ লক্ষেরও বেশি পোলিং অফিসার ভোট গ্রহণে নিয়োজিত ছিলেন। দ্বিতীয় পর্যায়ের এই নির্বাচনে ভোটার ছিল প্রায় ১৬ কোটি। এই পর্বে নতুন ভোটার ছিল প্রায় ৩৫ লক্ষ।

********************************

**Election-East Tripura :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের আজ পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনে ভোট গ্রহণ করা হয়। মোট ১,৬৬৪টি ভোট কেন্দ্রে সকাল ৭টা থেকে ভোট গ্রহণ শুরু হয়। এই আসনে মোট ভোটার ১৩ লক্ষ ৯৬ হাজার ৭৬১ জন। নির্বাচন কমিশন সূত্রে সর্বশেষ প্রাপ্ত সংবাদ অনুযায়ী সন্ধ্যা ৫টা পর্যন্ত এই আসনে ভোট পড়েছে ৭৯.৫৫ শতাংশ। এই আসনে রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ জানিয়েছেন, আজ ভোট গ্রহণ পর্ব ছিল শান্তিপূর্ণ। কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর নেই। তিনি বলেন,

##########Byte###########

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে আজ মোট ৯ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করা হয়। প্রার্থীরা হলেন বিজেপি'র কৃতি দেবী দেববর্মণ, ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআইএম প্রার্থী রাজেন্দ্র রিয়াং তাছাড়া বাকি ৭ জন নির্দল প্রার্থীরা হলেন কৃষ্ণ মোহন জমাতিয়া, দর্শন কুমার রিয়াং, কল্প মোহন ত্রিপুরা, শত্রুঘ্ন জমাতিয়া, অর্চনা উরাং, শিবচন্দ্র দেববর্মা ও সান্তোজয় ত্রিপুরা।

তাপপ্রবাহ সত্ত্বেও ভোট কেন্দ্রগুলিতে সকাল থেকেই ভোটারদের দীর্ঘ লাইন ছিল। গভোটারদের সুবিধার কথা চিন্তা করে এবার ভোট কেন্দ্রে পানীয় জল, রেম্প, ছাউনি ইত্যাদি ব্যবস্থা করা হয়।

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের অধীনে মডেল ভোটগ্রহণ কেন্দ্র ৬১টি, মহিলা পরিচালিত ৬৭টি, দিব্যাঙ্গ ৩০টি এবং যুবা ভোটকর্মী দ্বারা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র ছিল ৩০টি। এই

আসনে ব্রু ভোটার ১৬,২৬০ জন। আজ ভোটগ্রহণের দিন সমস্ত ভোটকেন্দ্রেই ওয়েবকাস্টিং করা হয়।

*************************

**Vote-Bru :**

মিজোরাম থেকে ত্রিপুরা আশ্রিত ব্রু শরণার্থীরা স্থায়ী পুনর্বাসন পাবার পর এই প্রথমবারের মত রাজ্যে ভোটাধিকার প্রয়োগ করছেন। পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে এই ধরনের ব্রু ভোটার রয়েছেন ১৬ হাজারেরও বেশি। তারা ধলাই, গোমতি ও উত্তর জেলায় তাদের জন্য নির্দিষ্ট ভোট কেন্দ্রে ভোটাধিকার প্রয়োগ করছেন। গোমতী জেলায় ব্রু ভোটারদের ভোট নেওয়া হয় দুইটি ভোট কেন্দ্রে। একটি অমরপুরে, অপরটি করবুকের শিলাছড়াতে। করবুক মহকুমার নিউ গোমতি এডিসি ভিলেজের শিলাছড়া ব্রু পুনর্বাসন ক্যাম্পের ভোটারগণ আজ শিলাছড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ভোট দেন।

অমরপুর মহকুমার অম্পিনগর বিধানসভা এলাকার খাসমাই পাড়া পশ্চিম কালাঝাড়ী ব্রু পুনর্বাসন ক্যাম্প এর ভোটারগণ ভোট দেন পশ্চিম কালাঝাড়ি ইংলিশ মিডিয়াম এস বি স্কুলে। মহিলা ভোটাররা চিরাচরিত পোষাক ও গয়না পড়ে ভোট কেন্দ্রে আসেন। এই ভোট কেন্দ্রে মোট ভোটার ছিল ৯২০ জন।

*******************************

**Bru-Byte :**

অমরপুর মহকুমার অম্পিনগর বিধানসভার খাসমাই পাড়া পশ্চিম কালাঝাড়িয়া ব্রু পুনর্বাসন কেন্দ্র এলাকার কয়েকজন ব্রু ভোটার ভোটকেন্দ্রের প্রিসাইডিং অফিসার ভোটদান নিয়ে জানালেন,

##########Byte#######

*******************************

**BJP-Press meet :**

প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য আজ সন্ধ্যায় আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানান, পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে নির্বাচন উৎসাহ ও উদ্দীপনার মধ্যে সম্পন্ন হয়েছে। নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় তিনি নির্বাচনের কাজের সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়েছেন। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, প্রদেশ বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী প্রমুখ।

*********************

**5th phase election :**

লোকসভা নির্বাচনের পঞ্চম পর্বের নির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ শুরু হয়েছে। এই পর্বে ছয়টি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৪৯টি লোকসভা আসনে ভোট নেয়া হবে। এই পর্বে উত্তরপ্রদেশের ১৪টি, মহারাষ্ট্রের ১৩টি, পশ্চিমবঙ্গের সাতটি, ওড়িশা ও বিহারের পাঁচটি করে আসন, ঝাড়খণ্ডের তিনটি এবং জম্মু ও কাশ্মীর এবং লাদাখের একটি করে আসনে ভোট হবে। তেসরা মে পর্যন্ত মনোনয়নপত্র জমা দেওয়া যাবে।

এই পর্বের ভোটগ্রহণ করা হবে ২০শে মে। এদিকে, ওড়িশায় বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য আজ মনোনয়ন পত্র জমা দেওয়া শুরু হয়েছে।

******************************

**Voting :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন আজ ধর্মনগর PWD অফিসে ভোট কেন্দ্রে ভোটাধিকার প্রয়োগ করেন।

শিল্প ও বানিজ্য মন্ত্রী সান্তনা চাকমা পেঁচারথলে তহশীল অফিসের ভোট কেন্দ্রে, তেলিয়ামুড়ার বিধায়ক তথা বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায় নেতাজি নগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ভোটকেন্দ্রে, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায় ধর্মনগরের ধর্মপুর ভোট কেন্দ্রে ভোট দেন। তাছাড়া মৎস্য মন্ত্রী সুধাংশু দাস ফটিকরায়ের পেঁচারডহর এস বি স্কুলে ভোট কেন্দ্রে, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা তুলাশিখরের রাজনগর ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের আদর্শ ভোট কেন্দ্রে, রাজ্যের বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী মনু বিধানসভা কেন্দ্রের অন্তর্গত গার্ধাং দ্বাদশ স্কুলের ভোট কেন্দ্রে ভোটাধিকার প্রয়োগ করেন।

কল্যাণপুরের বিধায়ক পিনাকী দাস চৌধুরী অসুস্থতার কারণে হুইল চেয়ারে বসে দক্ষিণ দুর্গাপুর রতিয়া দ্বাদশ শ্রেণী স্কুলে ভোট দেন।

সিপিআইএম বিধায়ক নির্মল বিশ্বাস খোয়াই বয়েজ স্কুলে, বিধায়ক বীরজিৎ সিংহ কৈলাসহরের বিদ্যানগর স্কুলে এবং সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য প্রাক্তন মন্ত্রী তপন চক্রবর্তী কৈলাসহরের রাধাকিশোর ইনস্টিটিউশনে ভোট দান করেন।

*****************************

**Vote-Unakoti :**

উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে ঊনকোটি জেলার কৈলাশহর ও কুমারঘাট মহকুমাতে অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ আজ অনুষ্ঠিত হয়। কৈলাশহরের সীমান্তগ্রাম মাগুরুলি ও রাঙ্গাউটির দেবীপুরে সীমান্তের কাঁটাতারের বেড়ার বাইরে বসবাসকারী ভারতীয় ভোটাররাও তাঁদের গনতান্ত্রিক অধিকার প্রয়োগ করেছেন। B.S.F এর সহায়তায় ভোট দিতে পেরে তারা সন্তোষ ব্যক্ত করেছেন। আমাদের ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, আজকের ভোটপর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সবধরনের ব্যবস্থা গ্রহণ করেছিল প্রশাসন। সকালে নির্ধারিত সময়ের আগেই ভোটাররা লাইনে দাঁড়িয়ে পড়েন। দুপুরের দিকে পোলিং বুথগুলিতে ভীড় কম থাকলেও পড়ন্ত বিকেলে অনেক বুথে ভোটারদের দীর্ঘ লাইন চোখে পড়েছে। ঊনকোটি জেলাতে কিছু স্থানে বৈদ্যুতিন ভোটযন্ত্রে যান্ত্রিক ত্রুটির কারণে বিকল মেশিন পরিবর্তন করে ভোটগ্রহণ করা হয়।

ঊনকোটি জেলার জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা জানান, ২২৫টি ভোট কেন্দ্র থেকে E.V.M গুলি আজ রাতের মধ্যে-ই কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনের স্ট্রং রুমে আনা হবে। কড়া নিরাপত্তার মধ্য দিয়ে এগুলো স্ট্রং রুমে মজুত থাকবে। ভোট গ্রহন ঘিরে কোন ধরণের অপ্রীতিকর ঘটনার খবর নেই বলে জেলাশাসক শ্রী চাকমা জানিয়েছেন।

*****************************

**Vote-North :**

উত্তর জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দেবপ্রিয় বর্ধন জানিয়েছেন, উত্তর জেলায় আজকের ভোটগ্রহণ ছিল শান্তিপূর্ণ। কোথাও কোনো অপ্রীতিকর ঘটনার খবর নেই। উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী জানিয়েছেন, জেলার বেশ কয়েকটি ভোট কেন্দ্রে ভোটারদের দীর্ঘ লাইন থাকায় ভোট শেষ হবার নির্ধারিত সময়ের পরও ভোট গ্রহণ করা হয়।

পুলিশ সুপার জানান, উত্তর জেলার কাঞ্চনপুর এবং পানিসাগর মহকুমার ছয়টি স্থানের দশটি ভোট কেন্দ্রে পুনর্বাসনপ্রাপ্ত ব্রু ভোটাররা ভোট দেন। ভোটাধিকার প্রয়োগ করতে পেরে তারা সন্তোষ প্রকাশ করেন।

এদিকে জেলার ধর্মনগর, পানিসাগর এবং কাঞ্চনপুরে তিনটি স্ট্রং রুমে ভোটবন্দী ইভিএমগুলো আনা শুরু হয়েছে। ধর্মনগরের বিবিআই-এর রিসিভিং সেন্টারে ইভিএমগুলো জমা দেওয়ার জন্য লাইন পড়েছে।

*******************************

**Vote-Khowai :**

খোয়াই জেলার ছয়টি বিধানসভা কেন্দ্রের ৩০৭টি ভোটকেন্দ্রে শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন জেলা নির্বাচনী আধিকারিক চাঁদনী চন্দ্রান। তিনি জানান, বিধানসভা কেন্দ্রিক হিসাবে ছয়টি বিধানসভার আসনের মধ্যে সবচেয়ে বেশি ভোট পড়েছে খোয়াই আসনে। ভোটের হার ৮৫ দশমিক ৪৩ শতাংশ এবং সবচেয়ে কম ভোট পড়েছে রামচন্দ্রঘাট বিধানসভায়। সেখানে ভোট পড়েছে ৭৩.০৩ শতাংশ। তিনি জানান,

ভোটকর্মীরা ভোট গ্রহণ শেষে ইভিএমগুলি নিয়ে খোয়াই এবং তেলিয়ামুড়া মহকুমা ম্যাজিস্ট্রেট কার্যালয়ের স্ট্রং রুমে জমা দিতে শুরু করেছেন। উল্লেখ্য খোয়াইয়ে তিনটি এবং তেলিয়ামুড়ায় তিনটি স্ট্রং রুম করা হয়েছে। স্ট্রং রুমগুলিতে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

*******************************

**Vote-South District :**

দক্ষিণ জেলার চারটি বিধানসভা কেন্দ্রের ২২৬টি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটগ্রহণ আজ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে বলে জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলা শাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল আকাশবাণীকে জানিয়েছেন। তিনি জানান, এই জেলায় পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে আজ ভোট পড়েছে ৮৪-৮৫ শতাংশ।

আজকের ভোট গ্রহণ নিয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে রাজ্যের বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী সাংবাদিকদের জানান, ভোট কেন্দ্রগুলিতে ভোটারদের দীর্ঘ লাইন ছিল। কিছু কিছু জায়গায় বাধা বিপত্তি অগ্রাহ্য করে ভোটকেন্দ্রে আসতে মানুষের আগ্রহ ও উচ্ছাস গনতন্ত্রের প্রতি মানুষের আস্থার বহি:প্রকাশ বলে মন্তব্য করেন তিনি।

****************************

**New Voter :**

দেশে গণতন্ত্রের এই বিশাল কর্মযজ্ঞে প্রথমবারের মতো সামিল হতে পেরে আবেগে আপ্লুত নতুন ভোটাররা। আমবাসার নতুন ভোটার দেবাঙ্গি ভট্টাচার্য জানান,

##########Byte########

*******************************

**Restoration Rail line :**

এনএফ রেলওয়ের লামডিং ডিভিশনের অন্তর্গত জাটিঙ্গা লামপুর এবং নিউ হারাঙ্গাজাও স্টেশনের মধ্যে ট্রেন চলাচল আজ দুপুর থেকে পুনরায় স্বাভাবিক হয়েছে। এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারীক জানিয়েছেন, আগরতলা-আনন্দবিহারের মধ্যে চলাচলকারী তেজস রাজধানী এক্সপ্রেস ট্রেনটি আজ এই পথে আগরতলার দিকে রওয়ানা হয়েছে। এন এফ রেলওয়ের কর্মকর্তা ও প্রায় ৩০০ রেল শ্রমিকের যুদ্ধকালীন তৎপরতায় রেল লাইন পুনরায় চালু হয়েছে।

গতকাল একটি মালগাড়ির ইঞ্জিন লাইনচ্যুত হওয়ায় এই লাইনে ট্রেন চলাচল বন্ধ করে দেওয়া হয়েছিল।

*************************

**Vote-Bee :**

খোয়াই বিধানসভার বারবিল ঋষি পাড়া ভোট কেন্দ্রে আজ সকালে ভোটগ্রহণ শুরু হবার কিছুক্ষণ পর হঠাৎ এক ঝাঁক মৌমাছির এলোপাথাড়ি আক্রমণে বেশ কয়েকজন ভোটার আহত হন। অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা আহতদের খোয়াই জেলা হাসপাতালে নিয়ে যান। ওই কেন্দ্রে কিছুক্ষণ স্থগিত থাকার পর পুনরায় ভোট নেয়া হয়।

************************

**Cricket :**

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। আসরের প্রথম দিনে তিনটি খেলায় জয় ছিনিয়ে বনমালীপুর ক্রিকেট ক্লাব, সংহতি ক্লাব ও জয়নগর ক্রিকেট ক্লাব কোয়ার্টার ফাইনালে উঠেছে। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় বনমালীপুর ক্রিকেট ক্লাব ৫৬ রানে মৌচাক ক্লাবকে, নরসিংগড়ের পিটিএ মাঠে সংহতি ক্লাব ৮ উইকেটে শতদল সংঘকে এবং টিআইটি মাঠে জয়নগর ক্রিকেট ক্লাব ২ উইকেটে চলমান সংঘকে পরাজিত করে।

****************************

**Weather :**

রাজ্যে উষ্ণতাপ প্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বৃদ্ধি অব্যাহত রয়েছে। আরো তিন দিন এই পরিস্থিতি অব্যাহত থাকবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ সাঁইত্রিশ ডিগ্রি এবং সর্বনিম্ন আঠাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সাঁইত্রিশ দশমিক আট ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের উত্তর উনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় চল্লিশ থেকে পঞ্চাশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা

হয়েছে। এদিকে, আবহাওয়া বিভাগ থেকে আজ জানা গেছে, আগামী চৌঠা মে থেকে তাপপ্রবাহ কমার সম্ভাবনা রয়েছে। চৌঠা মে থেকে ১০ই মের মধ্যে রাজ্যের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

*************************